NYC Department of Education

প্রতিবন্ধী শিক্ষার্থীদের হাই স্কুলের উপযুক্ততা অর্জন: বহুল জিজ্ঞাসিত প্রশ্নাবলি

২০০৮-০৯

ভূমিকা

শিক্ষার্থীদেরকে তাদের পছন্দের কর্মসূচিতে ভর্তির সুযোগ দেয়ার জন্য নিউ ইয়র্ক সিটি ডিপার্টমেন্ট অব এডুকেশন সম্প্রতি হাই স্কুলের ভর্তি প্রক্রিয়ার উন্নয়নসাধন করেছে। প্রতিবন্ধী শিক্ষার্থীরাও তাদের অপ্রতিবন্ধী সহপাঠীদের সাথে একই ভর্তি প্রক্রিয়ায় অংশগ্রহণ করে। যেসব প্রতিবন্ধী শিক্ষার্থীর ব্যক্তিক শিক্ষা পরিকল্পনায় তাদেরকে নিয়মিত স্কুল ব্যবস্থায় শিক্ষা কর্মসূচিতে অংশগ্রহণের সুপারিশ করা হয়েছে, তাদের সবার বেলায় এই ভর্তি প্রক্রিয়াটি প্রযোজ্য। যেসব শিক্ষার্থীর জন্য মারাত্মক প্রতিবন্ধী শিক্ষার্থীদের পরিষেবাদানকারী বিশেষায়িত ডিস্ট্রিক্ট সেভেনটিফাইভ কর্মসূচি বা নিউ ইয়র্ক স্টেটের অনুমোদিত বেসরকারি স্কুল কর্মসূচি সুপারিশ করা হয়, তাদেরকে ভিন্ন একটি ভর্তি প্রক্রিয়ার মাধ্যমে ভর্তি করা হয়।

স্টুডেন্ট এনরোলমেন্ট অফিস প্রণীত অনেকগুলো প্রকাশনা আছে যেগুলো শিক্ষার্থী ও তাদের পরিবারসমূহকে হাই স্কুলের ভর্তি প্রক্রিয়ার বিভিন্ন দিক সম্পর্কে জানতে সহায়তা করে। এসব নির্দেশিকার মধ্যে বিভিন্ন বাছাই পদ্ধতি ও সময়সীমা সম্পর্কিত তথ্য রয়েছে। এগুলোর মধ্যে আছে:

- নিউ ইয়র্ক সিটি পাবলিক হাই স্কুল নির্দেশিকা: প্রতি জুন মাসে সপ্তম গ্রেডের শিক্ষার্থীদের মধ্যে যারা ৮ম গ্রেডে যাওয়ার পর নিউ ইয়র্ক সিটির পাবলিক হাই স্কুলে ভর্তির জন্য আবেদন করবে, তাদের মধ্যে বিতরণের জন্য এই নির্দেশিকা প্রকাশিত হয়। যেসব স্কুল ও কর্মসূচিতে শিক্ষার্থীরা ভর্তির জন্য আবেদন করতে পারবে, এই নির্দেশিকাতে সেসব স্কুল সম্পর্কিত তথ্য রয়েছে।
- বেছে নেয়া: হাই স্কুল নির্দেশিকাটি কীভাবে ব্যবহার করতে হবে, সেসব নির্দেশনাসম্বলিত এই পুস্তিকাটি ওয়ার্কবুক হিশেবে ব্যবহার করার জন্য নির্দেশিকার সঙ্গে দেয়া হয়।
- হাই স্কুল বেছে নেয়া: এই নির্দেশিকাটি মিড্ল্ স্কুলের শিক্ষার্থী ও তাদের পিতামাতাদের উদ্দেশ্যে হাই স্কুলের ভর্তি প্রক্রিয়ায় হাই স্কুলগুলো সম্পর্কে ধারণা দেয়ার জন্য প্রস্তুত করা হয়েছে।

এসব প্রকাশনা ডিওই-এর নিচে উল্লিখিত ওয়েব সাইট থেকে পাওয়া যাবে:
www.nyc.gov/schools/ChoicesEnrollment/High/Publications/default.htm

এছাড়াও স্টুডেন্ট এনরোলমেন্ট অফিস মিড্ল্ স্কুল শিক্ষার্থী ও তাদের পরিবারের জন্য বসন্তে এবং শরতে হাই স্কুলে ভর্তি সংক্রান্ত ওয়ার্কশপের ব্যবস্থা করে থাকে। অনুগ্রহ করে ওয়ার্কশপের সময়সূচি জানার জন্য আপনার গাইডেন্স কাউন্সিলরের সাথে যোগাযোগ করুন।

প্রতিবন্ধী শিক্ষার্থী অপ্রতিবন্ধী শিক্ষার্থীদের সমান যোগ্য হওয়ার শর্তসাপেক্ষে নিউ ইয়র্ক সিটি হাই স্কুল নির্দেশিকায় তালিকাভুক্ত সকল স্কুলে এবং/অথবা কর্মসূচিতে আবেদন করতে পারে। প্রতিবন্ধী শিক্ষার্থীরা বিশেষায়িত হাই স্কুল ভর্তি পরীক্ষা দিতে এবং ফিওরেলো এইচ লাগোয়ার্ডিয়া হাই স্কুল অব মিউজিক অ্যান্ড পারফর্মিং আর্ট্স্-এর মতো বিশেষায়িত হাই স্কুলসহ সকল অডিশন কর্মসূচিতে আবেদন করতে পারবে।

হাই স্কুল ভর্তি প্রক্রিয়ায় প্রতিবন্ধী শিক্ষার্থীদের পিতামাতাদের সহায়তা করার জন্য আমরা একটি বহুল জিজ্ঞাসিত প্রশ্নাবলি ও সেগুলোর উত্তর সংকলিত করেছি। স্টুডেন্ট এনরোলমেন্ট অফিসের দেয়া সকল উপকরণের সম্পূরক প্রকাশনা হিশেবে এটি প্রণয়ন করা হয়েছে।

প্রশ্ন. পিতামাতা হিশেবে আইপি সভাগুলোতে কখন আমাকে হাই স্কুল সম্পর্কে কথা বলা শুরু করতে হবে?

উত্তর. আপনার সন্তান যখন ৬ষ্ঠ গ্রেডে উঠবে, তখন থেকেই মিড্ল্ স্কুলের সকল বার্ষিক পর্যালোচনার সময়ে আপনাাকে ও আপনার সন্তানকে হাই স্কুল সম্পর্কিত লক্ষ্য স্থির করা ও সন্তানের প্রয়োজনীয় বিশেষ শিক্ষা পরিষেবা সম্পর্কে আলাপ-আলোচনা শুরু করতে হবে। এছাড়াও আপনার সন্তানের ৭ম গ্রেডের নম্বর, পরীক্ষার স্কোর ও উপস্থিতির তথ্য তার আবেদনপত্রে উল্লিখিত হবে যাতে আপনি ও আপনার সন্তান ৭ম বর্ষের শুরু থেকেই নজর দিতে পারেন।

আপনার সন্তানের বয়স ১৫ বছর পূর্ণ হওয়ার সময়ে বা তার আগে (প্রযুক্ত হলে) তার আইইপিতে অবশ্যই মাধ্যমিক শিক্ষা-উত্তর জীবনের শিক্ষাগত লক্ষ্য অন্তর্ভুক্ত করতে হবে। আপনার সন্তান কোন্ ধরনের ডিপ্লোমা অর্জন করতে সক্ষম হতে পারে, এসময়ে তা আপনাকে চিন্তাভাবনা করতে ও স্কুল কর্মকর্তাদের সাথে আলোচনা করতে হবে। আইপি-তে ট্রানজিশনের পৃষ্ঠায় সকল মাধ্যমিক স্তরের শিক্ষার্থীর জন্য নির্দিষ্ট একটি ডিপ্লোমা অর্জনের লক্ষ্যের কথা উল্লেখ করা আবশ্যক। এসব বিষয় নিয়ে মিড্ল্ স্কুলের পুরো সময়ব্যাপী চিন্তাভাবনা শুরু করা গুরুত্বপূর্ণ।

অনুগ্রহ করে খেয়াল রাখবেন যে প্রতিবন্ধী শিক্ষার্থীদেরকে অবশ্যই ডিপ্লোমা অর্জনের জন্য নিউ ইয়র্ক স্টেটের প্রতিষ্ঠিত মানদণ্ড পূরণ করতে হবে (অনুগ্রহ করে ৮ পৃষ্ঠায় ডিপ্লোমার শর্ত সংক্রান্ত প্রশ্নটি দেখুন)।

প্রশ্ন. বিশেষ শিক্ষা পরিষেবা মিড্ল্ স্কুলের তুলনায় হাই স্কুলে কীভাবে আলাদা?

উত্তর. আপনার সন্তান যদি একটি সহযোগিতামূলক দলগত শিক্ষকতার (সিটিটি) ক্লাসে কিংবা এক বা একাধিক বিষয়ে বিশেষ ক্লাসে নির্দেশনা লাভ করে, সে ক্লাসটি ভিন্ন ভিন্ন বিষয়ের শিক্ষার্থীদের নিয়ে গঠিত হতে পারে। যেসব শিক্ষার্থী সিটিটি বা বিশেষ ক্লাসে নির্দেশনা লাভ করছে, তাদেরকে দিনের সবকটি ক্লাস একসাথে করতে হয় না। এছাড়াও হাই স্কুলে বিশেষ ক্লাসগুলো সাধারণত ১৫ জন শিক্ষার্থী ও ১ জন শিক্ষক থাকেন (অর্থাৎ অনুপাত ১৫:১)।

আপনার সন্তান সমন্বিতভাবে বিশেষ বিশেষ বিষয়ে ভিন্ন ভিন্ন মডেলের নির্দেশনা পেতে পারে কিংবা যথাযথ ক্ষেত্রে ভিন্ন ভিন্ন বিষয়ে মূলধারার সাথেও নির্দেশনা পেতে পারে। একাধিক বিষয়ে পরিষেবার যেকোন সমন্বিত মডেল যথোপযুক্ত হতে পারে। এসব তথ্য আপনার সন্তানের আইইপি-তে ব্যাখ্যা করা থাকবে।

আপনার সন্তান যদি হাই স্কুলের অন্য কোন কেন্দ্রে বিশেষ শিক্ষার শিক্ষক সহায়তা পরিষেবা (এসইটিএসএস) লাভ করে, তাহলে তার কর্মসূচিতে এসইটিএসএস একটি বাড়তি পিরিয়ড হিশেবে তালিকাভুক্ত হবে।

প্রশ্ন. আমি কীভাবে নিশ্চিত করতে পারি যে আমার সন্তানের আইইপি হালানাগাদ করা হয়েছে এবং তা হাই স্কুলের উপযোগী?

উত্তর. ৮ম গ্রেডের আইইপি সভায় উপস্থাপিত হালনাগাদকৃত আইইপিতে শিক্ষার্থী হাই স্কুলে যে কর্মসূচি লাভ করবে, সেটা উল্লিখিত থাকবে। সে সভায় আপনার সন্তানের ডিপ্লোমা লাভের উদ্দেশ্য, প্রতিবন্ধিত্বের সাথে সংশ্লিষ্ট প্রতিষ্ঠানিক ও সামাজিক/আবেগগত সমস্যা, এবং হাই স্কুলের পরিবেশে আপনার সন্তানকে সহায়তা দেয়ার জন্য প্রয়োজনীয় বিশেষ শিক্ষা পরিষেবা সম্পর্কে আলোচনা হতে হবে। আপনার সন্তান তার অপ্রতিবন্ধী সহপাঠীদের সাথে কতটুকু সময় সাধারণ শিক্ষায় ব্যয় করবে, সে সময়টুকু বিবেচনা করবেন।

প্রশ্ন. হাই স্কুলের ভর্তি প্রক্রিয়ায় কমিটি অন স্পেশাল এডুকেশন (সিএসই) অফিসের কোন ভূমিকা রয়েছে কি?

সিএসই অফিস হাই স্কুলের ভর্তি প্রক্রিয়ায় কোন ভূমিকা পালন করে না।

প্রশ্ন. আমার সন্তান যদি কোন ডিস্ট্রিক্ট সেভেনটি ফাইভ মিড্ল্ স্কুল কর্মসূচিতে থাকে, তাহলে তার কী হবে?

উত্তর. ডিস্ট্রিক্ট সেভেনটিফাইভের শিক্ষার্থীদের জন্য যেসব বিকল্প রয়েছে, সেগুলো ৯ নম্বর পাতা থেকে সামগ্রিকভাবে ব্যাখ্যা দেয়া হয়েছে।

প্রশ্ন. আমি হাই স্কুলে ভর্তির আবেদনপত্র কোথায় পেতে পারি?

উত্তর. নিউ ইয়র্ক সিটির যোগ্যতাসম্পন্ন ৮ম গ্রেডের পাবলিক স্কুলের শিক্ষার্থীরা তাদের গাইডেন্স কাউন্সিলরের কাছ থেকে আবেদনপত্র পাবেন। নবম গ্রেডের শিক্ষার্থীদের অবশ্যই তাদের গাইডেন্স কাউন্সিলরের কাছ থেকে আবেদনপত্র চেয়ে নিতে হবে।

বেসরকারি ও ধর্মীয় স্কুলের শিক্ষার্থীদের মধ্যে যারা নিউ ইয়র্ক সিটির বাসিন্দা, তাদেরকে এই ফরম-এর আলাদা একটি সংস্করণ পূরণ করতে হবে যা শিক্ষার্থীর বেসরকারি/ধর্মীয় স্কুল থেকে পাওয়া যাবে। যদি শিক্ষার্থীর স্কুলে কোন আবেদনপত্র না থাকে, তাহলে আবেদনপত্রের জন্য সে স্কুলের কোন একজন প্রতিনিধিকে স্টুডেন্ট এনরোলমেন্ট অফিসে (212) 374-2363 নম্বরে ফোন করতে হবে।

যেসব শিক্ষার্থী বর্তমানে ডিস্ট্রিক্ট সেভেনটি ফাইভের কোন স্কুলে বা প্রতিবন্ধী শিক্ষার্থীদের পরিষেবাদানকারী কোন একটি স্টেট অনুমোদিত বেসরকারি স্কুলে পড়ছে যাদের হাই স্কুলে সে পর্যায়ের সহায়তার প্রয়োজন নেই, তারা তাদের বর্তমান স্কুল থেকে হাই স্কুলে ভর্তির আবেদনপত্র পেতে পারে। যদি শিক্ষার্থীর স্কুলে কোন আবেদনপত্র না থাকে, তাহলে আবেদনপত্রের জন্য সে স্কুলের কোন একজন প্রতিনিধিকে স্টুডেন্ট এনরোলমেন্ট অফিসে (212) 374-2363 নম্বরে ফোন করতে হবে।

প্রশ্ন. স্কুল বাছাই করে হাই স্কুলে ভর্তির আবেদনপত্রে তালিকাভুক্ত করার সময়ে সকল শিক্ষার্থীকে (প্রতিবন্ধী বা অপ্রতিবন্ধী) কোন্ কোন্ বিষয় বিবেচনা করতে হবে?

- কোন স্কুলকে আবেদনপত্রের তালিকার অন্তর্ভুক্ত করা হবে কি না, তা নির্ধারনের ক্ষেত্রে প্রথম বিবেচ্য বিষয় “যোগ্যতা”। কোন শিক্ষার্থী যোগ্য বিবেচিত হবে যদি সে স্কুলের শর্তাবলি পূরণ করতে পারে। প্রতিটি স্কুলের যোগ্যতার শর্তাবলি নির্দেশিকায় স্কুলের পরিটিতির বাঁয়ে তালিকাভুক্ত আছে। উদাহরণস্বরূপ, কোন স্কুল বলতে পারে যে তাদের স্কুলে শুধু ব্রুকলিনের অধিবাসীরা যোগ্য; এক্ষেত্রে যেসব শিক্ষার্থী কুইন্সে বাস করে, তাদের আবেদন করে লাভ নেই।

- কিছু স্কুলের পরিচিতি অংশে “অগ্রাধিকার” সম্পর্কে তথ্য দেখা যাবে। শিক্ষার্থীদেরকে তাদের অগ্রাধিকারের মানদণ্ড অনুযায়ী দলগতভাবে ভর্তি করা হয়। শিক্ষার্থীদেরকে যখন তাদের প্রথম অগ্রাধিকার অনুযায়ী ভর্তি করা শেষ হবে, তখন আসন খালি থাকলে পরবর্তী দলটিকে তাদের শর্তানুযায়ী ভর্তি করা হবে। যদি একজন শিক্ষার্থী কোন একটি স্কুল কর্মসূচি পছন্দ করে এবং তার জন্য সে যোগ্য হয়, কিন্তু তার কোন *অগ্রাধিকার থাকে না*, তবুও তাকে সে স্কুলটিকে তালিকায় অন্তর্ভুক্ত করতে হবে।

- আপনি ও আপনার সন্তানকে স্কুলের বাছাই পদ্ধতি বুঝতে হবে। ভিন্ন ভিন্ন বাছাই পদ্ধতির স্কুল কর্মসূচি তালিকাভুক্ত করার সুপারিশ করা হচ্ছে।

- আপনাকে অবশ্যই আবেদনকারী শিক্ষার্থী ও লভ্য আসনসংখ্যার তুলনা করে ভর্তির বিষয়টি বিবেচনা করতে হবে। নির্দেশিকায় কর্মসূচিতে থাকা আসনসংখ্যার তুলনায় গত বছর কতজন আবেদন করেছিল, তা উল্লিখিত থাকে। যদিও আবেদনকারীদের মধ্যে কতজন প্রতিবন্ধী শিক্ষার্থী ছিলো তা জানা যায় না, এতে এই কর্মসূচির চাহিদা অনুমান করা যায় এবং শতকরা কতজন আবেদনকারী কর্মসূচিতে ভর্তি হওয়ার সুযোগ লাভ করে তা জানা যায়।

- স্কুলটিতে বর্তমানে কী কী বিশেষ শিক্ষা পরিষেবা পাওয়া যায়, জেনে নিন। এসব তথ্য হাই স্কুল নির্দেশিকাতে পাওয়া যাবে। মনে রাখবেন, শিক্ষার্থীদের প্রয়োজন মেটানোর জন্য প্রতি বছর স্কুলগুলোতে নতুন নতুন কর্মসূচি ও পরিষেবার ব্যবস্থা করা হয়।

প্রশ্ন. হাই স্কুল বাছাই করার সময় অন্যান্য কোন্ বিষয়গুলো বিবেচনা করতে হবে?

উত্তর. শিক্ষার্থীদেরকে স্কুল বছাইয়ের ক্ষেত্রে আমরা নিচের বিষয়গুলোকেও বিবেচনা করার পরামর্শ দিচ্ছি:

- স্কুলটি কোথায় অবস্থিত? বাড়ি থেকে সেখানে যেতে কত সময় লাগবে? আপনার সন্তান কী দূরে যেতে প্রস্তুত?
- স্কুলটিতে কতজন শিক্ষার্থী রয়েছে? কতজন প্রতিবন্ধী শিক্ষার্থী সে স্কুলটিতে পড়ছে?
- ক্লাব ও খেলাধুলাসহ কী ধরনের পাঠক্রম-বহির্ভূত কর্মকাণ্ড সেখানে রয়েছে?
- ভর্তি হতে হলে শিক্ষার্থীদেরকে কী কোন টেস্ট বা অডিশন দিতে হয়?
- আমার কি কোন বৃত্তিমুলক ও কারিগরি শিক্ষা (সিটিই) স্কুলে ভর্তির চাহিদা রয়েছে?
- পিতামাতা সংশ্লিষ্টির কোন সুযোগ সেখানে আছে কি?
- শিক্ষার্থীদের জন্য কী ধরনের স্কুল-ছুটি পরবর্তী প্রাতিষ্ঠানিক সহায়তা রয়েছে?
- ইংরেজি ভাষা শিক্ষাথীদের জন্য সেখানে কোন্ ধরনের পরিষেবা রয়েছে?
- প্রতিবন্ধী শিক্ষার্থীদের সহায়তার কোন্ ধরনের পরিষেবা মডেলের ব্যবস্থা স্কুলে পাওয়া যাবে?
- প্রতিবন্ধী শিক্ষার্থীরা কী ধরনের ফল লাভ করছে? শিক্ষাথীরা সাধারণত কী হারে রিজেন্টস্, লোকাল এবং আইইপি ডিপ্লোমা নিয়ে উত্তীর্ণ হচ্ছে?

স্কুল সম্পর্কে বিস্তারিত তথ্যের জন্য আপনি তাদের বার্ষিক স্কুল রিপোর্ট www.nyc.gov/schools/daa/schoolreports. ওয়েব সাইটে দেখতে পারেন। এছাড়াও আপনি ডিওই-এর ওয়েব সাইটে প্রতিটি স্কুলের ওয়েব পেজের "স্ট্যাটিসটিক্স" অংশে সংযোজিত বিশেষ শিক্ষা পরিষেবা প্রদান সংক্রান্ত রিপোর্ট দেখতে পারেন।

প্রশ্ন. বিভিন্ন ধরনের বাছাই পদ্ধতিগুলো কী কী?

উত্তর. শিক্ষাথীদেরকে তাদের পছন্দের কর্মসূচির সাথে মেলানোর জন্য যেসব বাছাই প্রক্রিয়া ব্যবহার করা হয়, নিউ ইয়র্ক সিটি পাবলিক হাই স্কুল নির্দেশিকায় সেগুলোর ব্যাখ্যা দেয়া আছে। যোগ্য শিক্ষার্থীদের মধ্য থেকে বাছাই করার জন্য কর্মসূচিগুলো যেসব বাছাই প্রক্রিয়া ব্যবহার করে, সেগুলোর রূপরেখা নিচে দেয়া হলো। যেসব শিক্ষাথী বিশেষ শিক্ষা পরিষেবা লাভ করে, তাদেরকেও তাদের সাধারণ শিক্ষার সহপাঠীদের মতো একই প্রক্রিয়ায় মানানসই করা হয়।

অডিশন–শিক্ষার্থীকে অবশ্যই উপস্থাপনা শিল্প বা দৃশ্যকলা যেকোন একটিতে তার প্রতিভা প্রদর্শন করতে হবে। অডিশনের শর্তাবলি প্রতিটি স্কুলের পরিচিতির মধ্যে তালিকাভুক্ত আছে। স্কুল অডিশনের ফল অনুযায়ী শিক্ষার্থীদের মান অনুযায়ী মূল্যায়ন করবে। শুধু যেসব শিক্ষার্থীকে স্কুল যোগ্য মনে করবে, তাদেরকেই কর্মসূচির জন্য মানানসই করা হবে।

শিক্ষাগত বিকল্প (এড.অপ্ট) –এই প্রক্রিয়ায় নবাগত শিক্ষার্থীদের অর্ধেককে স্কুল বাছাই করবে, বাকী অর্ধেক শর্তানুযায়ী যোগ্য বিবেচিত অবশিষ্ট শিক্ষার্থীদের মধ্য থেকে কমপিউটারের মাধ্যমে নির্বিচারে বছাই করা হবে। উভয় গ্রুপকে বাছাই করা হবে নিচের বিভাজন অনুসারে শিক্ষার্থীদের পূর্ববর্তী বছরের রিডিংয়ে মানভিত্তিক পরীক্ষার নম্বরের ভিত্তিতে:

- ১৬% উচ্চ রিডিং রেঞ্জ থেকে*
- ৬৮% গড় রিডিং রেঞ্জ থেকে
- ১৬% নিম্ন রিডিং রেঞ্জ থেকে

* শিক্ষাথী যদি ৭ম গ্রেডে রিডিং পরীক্ষায় শীর্ষ ২% নম্বর পেয়ে থাকে এবং এড অপ্ট কর্মসূচিকে তাদের প্রথম পছন্দ হিশেবে তার আবেদনপত্রে তালিকাভুক্ত করে থাকে, সে শিক্ষার্থীর কর্মসূচিটিতে মানানসই হওয়া নিশ্চিত।

সীমিত অবাছাই – সেসব শিক্ষার্থীকে অগ্রাধিকার দেয়া হয় যারা তাদের পিতামাতার সাথে কোন স্কুলের তথ্য অধিবেশন, ওপেন হাউস ইত্যাদিতে যোগ দেয়। তথ্য অধিবেশন বা ওপেন হাউসে যোগ দেয়ার সময় সেখানে নাম সই করা আবশ্যক।

বাছাই – প্রাতিষ্ঠানিক রেকর্ড, প্রমিত পরীক্ষায় প্রাপ্ত নম্বর এবং উপস্থিতির তথ্যের উপর বাছাই নির্ভর করে। প্রতিটি বাছাই কর্মসূচির নির্ধারিত বাছাইয়ের মানদণ্ড হাই স্কুল নির্দেশিকায় তালিকাভুক্ত করে উল্লেখ করে দেয়। যেসব শিক্ষার্থী কোন বাছাই কর্মসূচি স্কুলের মানদণ্ডের সাথে মানানসই বলে স্কুল নির্ধারণ করবে, তারাই শুধু সে স্কুলে ভর্তি হবে। সকল শিক্ষার্থীকে একই বাছাইয়ের মানদণ্ড অনুযায়ী বিবেচনা করা হবে।

পরীক্ষা– আটটি বিশেষায়িত হাই স্কুলে ভর্তি হতে হলে স্পেশালাইজ্ড হাই স্কুল অ্যাডমিশন টেস্ট (এসএইচএসএটি) দিতে হয়। ফিওরেলো এইচ লাগোয়ার্ডিয়া হাই স্কুলও একটি বিশেষায়িত হাই স্কুল এবং এতে ভর্তি করা হয় একটি প্রতিযোগিতামূলক অডিশনের ফল ও শিক্ষার্থীর প্রাতিষ্ঠানিক রেকর্ড পর্যালোচনার উপর ভিত্তি করে। এগুলোতে ভর্তির জন্য আবেদন করতে হলে শিক্ষার্থীর গাইডেন্স কাউন্সিলরের কাছ থেকে একটি ভর্তি পরীক্ষার টিকেট সংগ্রহ করতে হয়। আগ্রহী শিক্ষার্থীদেরকে পরীক্ষা এবং/অথবা অডিশন দিতে হলে, নিজ নিজ গাইডেন্স কাউন্সিলরের সাথে যোগাযোগ করতে হবে। পরীক্ষা প্রক্রিয়ায় কোন বিশেষ ব্যবস্থার প্রয়োজন হলে গাইডেন্স কাউন্সিলরকে তা পরীক্ষার আগেই জানাতে হবে।

অবাছাই – এধরনের কর্মসূচিতে শিকক্ষার্থীদের নির্বিচারে বাছাই করা হয়। ভর্তি হওয়ার সুযোগ পাওয়ার ব্যাপারে শিক্ষার্থী যেহেতু নিশ্চিত নয় (এমনকি সকল যোগ্যতার শর্ত পূরণ করা সত্ত্বেও), শিক্ষার্থীর বেশি আগ্রহের কর্মসূচিকে আবেদনপত্রে কম আগ্রহের কর্মসূচির নিচে তালিকাভুক্ত করতে হবে।

জোনভিত্তিক স্কুল– একটি নির্ধারিত অঞ্চলে ("জোন" হিশেবে পরিচিত) বসবাসকারী শিক্ষার্থীদের পরিষেবা দেয়ার জন্য সিটিতে কিছু স্কুল রয়েছে। জোনভুক্ত স্কুল কর্মসূচিকে "জি" (Z) নাম দেয়া হয়েছে।

শিক্ষার্থীরা যদি তাদের জোনভুক্ত স্কুলে ভর্তি হতে আগ্রহী হয়, তাদেরকে জোন স্কুল কর্মসূচিকে তাদের পছন্দের মধ্যে অন্তর্ভুক্ত করতে হবে। তাদের কোন জোন স্কুল আছে কী না তা জানতে হলে শিক্ষার্থীর গাইডেন্স কাউন্সিলরকে জিজ্ঞাসা করুন বা হাই স্কুলের আবেদনপত্রে দেখুন।

শিক্ষার্থদেরকে তাদের জোন স্কুলে আবেদন করতে হবে না। তবে শিক্ষাথী যদি তাদের জোন স্কুলে ভর্তির আবেদন করে. তাহলে তাদের আবেদনপত্রে তালিকাভুক্ত পছন্দের স্কুলের তালিকায় উপরের দিকে উল্লিখিত স্কুলে ভর্তির সুযোগ না মিললে তাদের জোন স্কুলে ভর্তির সুযোগ নিশ্চিত থাকবে।

প্রশ্ন. আমি কি আমার জোন স্কুল কর্মসূচিতে ভর্তির আবেদন করতি পরি?

উত্তর. হ্যাঁ। জোন কর্মসূচিতে আগ্রহী শিক্ষার্থীকে অবশ্যই তার আবেদনপত্রে জোন স্কুল কর্মসূচিকে অন্তর্ভুক্ত করতে হবে।

প্রশ্ন. আমি আমার জোন স্কুলে ভর্তি হতে পারবো বলে কি নিশ্চয়তা রয়েছে?

উত্তর. জোন স্কুলের নির্ধারিত এলাকায় বসবাসরত এবং জোন স্কুল কর্মসূচিকে হাই স্কুল আবেদনপত্রে ১২টি পছন্দের স্কুলের মধ্যে অন্তর্ভুক্তকারী যে কোন শিক্ষার্থীকে স্বতোক্রিয়ভাবে তার জোন স্কুলে ভর্তি হওয়ার সুযোগ দেয়া হবে যদি *না* তার পছন্দের স্কুল তালিকায় উপরের দিকে তালিকাভুক্ত কোন স্কুলে সে ভর্তির সুযোগ পায়।

প্রশ্ন. কোন জোন স্কুলের নির্ধারিত এলাকায় বসবাস না করলেও কি আমি তেমন স্কুলে ভর্তির আবেদন করতে পারবো?

উত্তর. হ্যাঁ। প্রতিটি জোন স্কুলে আমরা জোনবহির্ভূত শিক্ষার্থীদের জন্য কিছু আসন সংরক্ষিত রাখি।

প্রশ্ন. আমাকে কি ১২টি পছন্দ উল্লেখ করতেই হবে?

উত্তর. না। তবে আপনি যত বেশি পছন্দ উল্লেখ করবেন, একটি পছন্দের স্কুলে ভর্তি হওয়ার সুযোগ আপনার তত বাড়বে।

প্রশ্ন. আমি কি একটি স্কুলকে একাধিকবার আবেদনপত্রে উল্লেখ করতে পারবেন?

উত্তর. না। তবে শিক্ষার্থী একটি স্কুলে একাধিক কর্মসূচিতে আবেদন করতে পারবে। একই স্কুলে আলাদা বিষয়ে এক বা একাধিক কর্মসূচি থাকা ব্যতিক্রমী কিছু নয়। উদাহারণস্বরূপ মারি বার্গট্রম হাই স্কুলে অ্যাকাউন্টিং, লিগ্যাল স্টাডিজ এবং ট্র্যাভেল অ্যান্ড হসপিটালিটি কর্মসূচিসহ আটটি ভিন্ন কর্মসূচি রয়েছে যেগুলোকে হাই স্কুলের অংশবিশেষ বলে বিবেচনা করা হয়।

প্রশ্ন. শিক্ষার্থীরা কীভাবে স্কুলগুলোকে তার তালিকায় প্রাধান্যক্রম অনুসারে সাজায়, স্কুল কি সেটা দেখতে পারে?

উত্তর. না। স্কুল শুধু জানবে যে শিক্ষার্থী স্কুল কর্মসূচিকে তার আবেদনপত্রে স্থান দিয়েছে।

প্রশ্ন. হাই স্কুল ভর্তি প্রক্রিয়ায় গাইডেন্স কাউন্সিলরের ভূমিকা কী?

উত্তর. শিক্ষার্থীর পরিবারের জন্য হাই স্কুল ভর্তি প্রক্রিয়া সম্পর্কে নির্ভরযোগ্য তথ্য ও পরামর্শ লাভের সবচেয়ে ভাল সূত্র গাইডেন্স কাউন্সিলর । পিতামাতাদেরকে তাদের সন্তানের গাউডেন্স কাউন্সিলরের নাম ও তার সাথে যোগাযোগের তথ্য জানা থাকা উচিত?

প্রশ্ন. স্কুল কি আবেদনকারী শিক্ষার্থীর প্রতিবন্ধিত্ব সম্পর্কে তথ্য জানতে পারে?

উত্তর. হ্যাঁ। প্রিন্সিপ্যালগণ শিক্ষার্থীদের ৭ম গ্রেডের উপস্থিতির তথ্য, রিডিং ও ম্যাথ-এর মানভিত্তিক পরীক্ষায় প্রাপ্ত নম্বর, বিভিন্ন বিষয়ে প্রাপ্ত নম্বর দেখতে পারেন। এছাড়াও প্রিন্সিপ্যাল শিক্ষার্থীর আইইপিকে বিশেষ শিক্ষা কর্মসূচি ও সুপারিশকৃত পরিষেবা সম্পর্কে তথ্য জানতে পারবেন।

প্রশ্ন. আমার সন্তানের চাহিদা অনুযায়ী কর্মসূচি কোন্ স্কুলে পাওয়া যাবে, আমি তা কী করে জানতে পারবো?

উত্তর. এসব তথ্য সন্তানের গাইডেন্স কাউন্সিলর, হাই স্কুল নির্দেশিকা, এবং হাই স্কুল মেলা ও পিতামাতা কর্মশালায় পাওয়া যাবে। প্যারেন্ট কোঅর্ডিনেটর, প্রিন্সিপ্যাল, অ্যাসিস্ট্যান্ট প্রিন্সিপ্যাল, স্কুলের অপেন হাউস এবং ডিওই ওয়েব সাইট থেকে সহায়ক তথ্য পাওয়া যেতে পারে।

প্রশ্ন. নিউ ইয়র্ক সিটি হাই স্কুল নির্দেশিকা থেকে জানা যায় যে বিশেষ চাহিদাযুক্ত শিক্ষার্থী কোন্ স্কুলে ভর্তির আবেদন করতে পারবে। আমি কীভাবে জানবো যে আমার সন্তান যে স্কুলে ভর্তির সুযোগ পেয়েছে, সে স্কুল আমার সন্তানকে তার প্রয়োজনীয় পরিষোব দিতে সক্ষম?

উত্তর. স্কুলগুলো ভর্তির জন্য গৃহীত বিশেষ শিক্ষার শিক্ষার্থীদের জন্য নমনীয় সহায়ক পরিষেবার ব্যবস্থা করবে বলে প্রত্যাশা করা হয়।

প্রশ্ন. আমার সন্তান যে স্কুলে ভর্তির জন্য গৃহীত হয়েছে, সে স্কুলে যদি তার আইইপি-তে সুপারিশকৃত পরিষেবা পাওয়া না যায়, তাহলে কী হবে?

উত্তর. স্কুলে যদি আপনার সন্তানের আইইপিতে উল্লিখিত পরিষেবা মডেল (যেমন বিশেষ ক্লাস, সহযোগিতামূলক দলগত শিক্ষকতা ইত্যাদি) পাওয়া না যায়, আইইপি টিম, যার সদস্যদের মধ্যে পিতামাতাও রয়েছেন, সন্তান ভর্তির ৩০ দিনের মধ্যে একটি সভা আহ্বান করবে যেখানে একটি আইইপি প্রণয়ন করা হবে যা সন্তানের স্কুলের শিক্ষায় বিশেষ চাহিদা পূরণের জন্য পরিষেবা মডেল সুপারিশ করবে।

অনুগ্রহ করে খেয়াল করবেন: ঐতিহাসিকভাবে মিড্ল্ স্কুলগুলো যেখানে বিশেষ ক্লাস পরিষেবা মডেল ব্যবহার করে, সে ধরনের পরিষেবা মডেল পরিবর্তিত হচ্ছে। অনেক শিক্ষার্থী বর্তমানে সহযোগিতামূলক দলগত শিক্ষকতা মডেলের মতো অধিক অন্তর্ভুক্তি মডেল গ্রহণ করছে। তবে আপনার সন্তানকে যদি একটি বিশেষ ক্লাসের জন্য সুপারিশ করা হয়, এবং একমাত্র সেই বিশেষ শিক্ষা পরিষেবায় আপনি আপনার সন্তানের জন্য আগ্রহী হয়ে থাকেন, তাহলে আপনাকে হাই স্কুল নির্দেশিকায় সেই স্কুলগুলোকে খুঁজতে হবে, যেগুলোতে বিশেষ ক্লাস রয়েছে।

প্রশ্ন. আমার সন্তান স্কুলে ভর্তির পর যদি আবিষ্কার করে যে সেখানে পর্যাপ্ত পরিষেবার ব্যবস্থা নেই, তাহলে কী হবে? এমন

পরিস্থিতিতে আমার কী করার আছে?

উত্তর. প্রথমত, সন্তানের প্রয়োজন মেটাতে সক্ষম, আপনাকে এমন উপযুক্ত পরিষেবা নিয়ে সরাসরি স্কুলের সাথে কথা বলতে হবে।

স্বনির্ভর প্রাপ্তবয়স্ক জীবনে উত্তরণের পথে আপনার সন্তানের প্রথম পদক্ষেপ হাই স্কুলে যাওয়া শুরু করা। সীমিত নিয়ন্ত্রিত পরিবেশ (এলআরই) কর্মসূচি, যা আপনার সন্তানকে তার অপ্রতিবন্ধী সহপাঠীদের পাশাপাশি বিশেষ শিক্ষা পরিষেবা প্রাপ্তির সুযোগ দেয়, সেটি আপনার সন্তানকে তার ভবিষ্যত লক্ষ্যের দিকে এগিয়ে যাওয়ার পথে একটি উল্লেখযোগ্য পদক্ষেপ। আপনার সন্তানকে তার হাই স্কুলের লক্ষ্য অর্জনের পথে সহায়তা ও বিকল্প সুযোগ প্রদানকারী উপাদানকে মূল্যায়নের জন্য আপনাকে স্কুলের সাথে কাজ করতে হবে।

যদি স্কুল-কর্মীদের সাথে কথা বলার পরও আপনার কোন উদ্বেগ থাকে, আপনাকে ডিস্ট্রিক্ট ফ্যামেলি অ্যাডভোকেটের (ডিএফএ) সাথে যোগাযোগ করতে হবে। যদি ডিএফএ আপনার সদস্যর সামাধান দিতে না পারেন, নম্বরে ফোন করবেন এবং স্পেশাল এডুকেশন সেন্টারে সংযোগ দিতে বলবেন।

প্রশ্ন.আমার সন্তানের বর্তমান আইইপি অনুযায়ী সহযোগিতামূলক দলগত শিক্ষকতা (সিটিটি) প্রয়োজন। আমি যদি মনে করি বর্তমানে তার সে পরিষেবার আর প্রয়োজন নেই, তাহলে কি আমি তার আইইপি পরিবর্তন না করে এমন স্কুলের জন্য আবেদন করতে পারি যে স্কুলে সিটিটি পরিষেবা নেই?

উত্তর. হ্যাঁ। শুধু সংশ্লিষ্ট পরিষেবা পাওয়ার বা এসইটিএসএস-এ অংশগ্রহণের জন্য সুপারিশ লাভকারী শিক্ষার্থীরা অপ্রতিবন্ধী শিক্ষার্থীদের মতো একই প্রক্রিয়ায় হাই স্কুল ভর্তি প্রক্রিয়ায় অংশগ্রহণ করে। সংশ্লিষ্ট পরিষেবা এবং/অথবা এসইটিএসএস সকল স্কুলে প্রদান করা হতে পারে। স্কুলে যদি আপনার সন্তানের আইইপিতে সুপারিশকৃত পরিষেবা মডেল না থাকে, আইইপি টিম, যার সদস্যদের মধ্যে পিতামাতাও রয়েছেন, সন্তান ভর্তির ৩০ দিনের মধ্যে একটি সভার ব্যবস্থা করবে যেখানে একটি আইইপি প্রণয়ন করা হবে যা সন্তানের স্কুলের শিক্ষায় বিশেষ চাহিদা পূরণের জন্য পরিষেবা মডেল সুপারিশ করবে।

প্রশ্ন. কী কী ধরনের ডিপ্লোমা রয়েছে?

উত্তর. প্রতিবন্ধী শিক্ষার্থীদেরকে অবশ্যই ডিপ্লোমা অর্জনের সুযোগ দিতে হবে। নিচে বিভিন্ন ধরনের ডিপ্লোমা ও সেগুলোর জন্য যোগ্যতার রূপরেখা দেয়া হলো:

ডিপ্লোমার ধরন	*যোগ্যতা*	*মাধ্যমিক উত্তর বিকল্পসমূহ*
উচ্চতর রিজেন্টস্	কমপক্ষে ৪৪টি হাই স্কুল ক্রেডিট অর্জন করতে হবে; ৮টি রিজেন্টস্ পরীক্ষা ৬৫% বা ভালো নম্বর নিয়ে উত্তীর্ণ হতে হবে।	৪ বছরের কলেজ বা ইউনিভার্সিটি, প্রতিযোগিতামূলক কর্মসংস্থান, সামরিক বাহিনীতে যোগদান
রিজেন্টস্	কমপক্ষে ৪৪টি হাই স্কুল ক্রেডিট অর্জন করতে হবে; ৫টি রিজেন্টস্ পরীক্ষা ৬৫% বা ভালো নম্বর নিয়ে উত্তীর্ণ হতে হবে।	৪ বছরের কলেজ বা ইউনিভার্সিটি, প্রতিযোগিতামূলক কর্মসংস্থান, সামরিক বাহিনীতে যোগদান
লোকাল	কমপক্ষে ৪৪টি হাই স্কুল ক্রেডিট অর্জন করতে হবে; প্রতিবন্ধী শিক্ষার্থী ৫টি রিজেন্টস্ পরীক্ষায় বা সংশ্লিষ্ট রিজেন্টস্ উপযুক্ততা পরীক্ষায় উত্তীর্ণ হয়ে একটি লোকাল ডিপ্লোমা পেতে পারে। শিক্ষার্থীকে রিজেন্টস্ উপযুক্ততা পরীক্ষায় অংশগ্রহণের আগে বা পরে একটি রিজেন্টস্ পরীক্ষা উত্তরণের উদ্যোগ গ্রহণ করতে হবে। এই সুরক্ষার ব্যবস্থা সেপ্টেম্বর ২০০৯ সাল পর্যন্ত হাই স্কুলে ভর্তি হওয়া শিক্ষার্থীদের ক্ষেত্রে কার্যকর হবে।	৪ বছরের কলেজ বা ইউনিভার্সিটি, প্রতিযোগিতামূলক কর্মসংস্থান, সামরিক বাহিনীতে যোগদান
আইইপি	আইইপিতে উল্লিখিত নির্দিষ্ট লক্ষ্য বাস্তবায়ন; এসব শিক্ষাগত লক্ষ্য আইইপি টিম ঠিক করে দেবে এবং তা শিক্ষার মান এবং উপযুক্ত কর্মসম্পাদনা সূচকের সাথে সংযুক্ত থাকতে হবে।	সহযোগিতামূলক বা প্রতিযোগিতামূলক কর্মসংস্থান। কিছু কিছু কর্মক্ষেত্র, কলেজ এবং সামরিক বাহিনীতে আইইপি ডিপ্লোমা গ্রহণযোগ্য হবে না।

প্রণীত আইইপি অবশ্যই আপনার সন্তানকে তার আইইপিতে উল্লিখিত নির্দিষ্ট ডিপ্লোমা অর্জনে তার প্রয়োজনীয় বিশেষ শিক্ষায় সহায়তা এবং পরিষেবার ব্যবস্থা করতে হবে।

এটা মনে রাখাও গুরুত্বপূর্ণ যে আপনার সন্তানের সাধারণ শিক্ষার পাঠক্রমে এবং স্টেটের পরীক্ষায় অংশগ্রহণ আপনার সন্তানের ডিপ্লোমা লাভের উদ্দেশ্যকে প্রভাবিত করে। আপনার সন্তান যদি স্টেটের বিকল্প মূল্যায়নে অংশ নেয়, সে একটি লোকাল বা রিজেন্টস্ ডিপ্লোমার জন্য যোগ্য হবে না, তবে সে একটি আইইপি ডিপ্লোমা লাভ করতে পারে।

প্রশ্ন. আমার সন্তান একটি নিয়মিত স্কুলে সহযোগিতামূলক দলগত শিক্ষকতা (সিটিটি) বা বিশেষ ক্লাস কর্মসূচিতে আছে এবং তার আইইপি অনুযায়ী তার প্রয়োজন একটি বিকল্প মূল্যায়নে অংশগ্রহণ করা। আমি কীভাবে জানবো যে কোন্ স্কুলে সিটিটি বা বিশেষ ক্লাস রয়েছে যা আমার সন্তানের মতো শিক্ষার্থীদের জন্য উপযুক্ত?

উত্তর. আপনার সন্তানের হাই স্কুলে ভর্তির আবেদনপত্র জমা দেয়ার আগে আপনার সন্তানের গাইডেন্স কাউন্সিলরের সাথে আলোচনা করতে হবে, যিনি এসব তথ্য দেবেন এবং উপযুক্ত স্কুলে আবেদন করতে আপনাকে সহায়তা করবেন।

প্রশ্ন. ট্রানজিশন)উত্তরণ) পরিকল্পনা বলতে কী বুঝায়?

উত্তর. ট্রানজিশন পরিষেবা অবশ্যই আপনার সন্তানের আইইপিতে প্রদর্শিত হতে হবে, তবে তা চালু প্রথম আইইপি যা সন্তানের ১৫তম জন্মদিনের (অথবা আইইপি টিম এর আগে নির্ধারণ করে থাকলে) পরে হতে পারবে না। ট্রানজিশন পরিষেবা মাধ্যমিক উত্তর শিক্ষা, কারিগরি প্রশিক্ষণ, সমন্বিত কর্মসংস্থান (সহায়তাপ্রাপ্ত কর্মসংস্থানসহ), অব্যাহত ও বয়স্ক শিক্ষা, বয়স্কদের পরিষেবা, স্বাধীন চলাফেরা কিংবা কম্যুনিটিতে অংশগ্রহণসহ স্কুল থেকে স্কুল উত্তর কর্মকাণ্ডে উত্তরণকে উৎসাহিত করে। ট্রানজিশন পরিষেবার মধ্যে শিক্ষানির্দেশনা, সংশ্লিষ্ট পরিষোব, কম্যুনিটি সম্পর্কিত অভিজ্ঞতা, কর্মসংস্থান ও অন্যান্য স্কুল-পরবর্তী বয়স্কদের জন্য জীবনধারণের লক্ষ্যে উপকরণের ব্যবস্থা, এবং প্রয়েঅজনবোধে, দৈনন্দিন জীবনে প্রয়োজনীয় বিভিন্ন দক্ষতা- ইত্যাদি।

প্রশ্ন. হাই স্কুলগুলো কোথায় প্রতিবন্ধী শিক্ষার্থীদের জন্য সহায়তা লাভ করবে?

উত্তর. প্রতিটি স্কুল একটি স্কুল সহায়তা সংগঠন বেছে নেয় যাতে স্কুলগুলোকে কর্মসূচি প্রণয়ন ও প্রতিবন্ধিতাসম্পন্ন শিক্ষার্থীদের শিক্ষানির্দেশনার কৌশল প্রণয়নে সহায়তা দেয়ার জন্য কর্মী অন্তর্ভুক্ত আছেন। এ ছাড়াও ইনটিগ্রেটেড সার্ভি ও স্পেশাল এডুকেশন ইনিশিয়েটিভের কেন্দ্রীয় অফিস স্কুলগুলোকে বিশেষ শিক্ষার ব্যাপারে সহায়তা প্রদান করে।

প্রশ্ন. আমার সন্তানের যদি সহজগম্য (বাধামুক্ত) হাই স্কুলের প্রয়োজন হয়, তাহলে আমাকে কী করতে হবে?

উত্তর. সহজগম্য সাইট এমন একটি সাইট যেখানে প্রবেশে কোন নির্মাণগত বাধা নেই কিংবা বাধা দূর করা হয়েছে যাতে সীমিত চলাচলক্ষম শিক্ষার্থী কর্মসূচি বা কর্মকাণ্ডে অংশ নিতে পারে। কার্যকর এবং আংশিক, উভয় ধরনের সহজগম্য সাইট রয়েছে। সহজগম্য সাইটের তালিকা ডিওই-এর নিচের ওয়েব সাইটে পাওয়া যাবে:
http://schools.nyc.gov/NR/rdonlyres/41ACD8D4-DDD2-4F1A-AEF0-AF3A9D132EBB/0/ListofAccessibleSchools2007.pdf

অন্যসব বিবেচনায় যোগ্য বলে বিবেচিত কোন প্রতিবন্ধী শিক্ষার্থী যদি কোন কর্মসূচিতে ভর্তির সুযোগ পায় যে কর্মসূচিটি কোন সহজগম্য সাইটে অবস্থিত নয়, ডিপার্টমেন্ট অব এডুকেশনকে সে কর্মসূচিকে সহজগম্য করার জন্য যুক্তিসঙ্গত ব্যবস্থা নেবে।

প্রশ্ন. আমার সন্তান যদি ডিস্ট্রিক্ট সেভেনটি ফাইভের কোন মিড্‌ল্ স্কুলে ভর্তি থাকে, তাহলে কী ব্যবস্থা নেয়া হবে?

উত্তর. ডিস্ট্রিক্ট সেভেনটি ফাইভ কর্মসূচির যেসব শিক্ষার্থীর ডিস্ট্রিক্ট সেভেনটি ফাইভের কর্মসূচির অব্যাহতভাবে প্রয়োজন রয়েছে, তাদেরকে হাই স্কুল ভর্তি প্রক্রিয়ায় অংশ নিতে হবে না। তাদেরকে মে বা জুন মাসে ডিস্ট্রিক্ট সেভেনটি ফাইভ স্কুল তাদের হাই স্কুল ভর্তি সম্পর্কে অবহিত করা হয়। ডিস্ট্রিক্ট সেভেনটি ফাইভ ইনক্লুশন কর্মসূচির যেসব শিক্ষার্থী ডিস্ট্রিক্ট সেভেনটি ফাইভ ইনক্লুশন কর্মসূচিতে থাকবে, তারা ডিস্ট্রিক্ট সেভেনটি ফাইভ পরিচালিত হাই স্কুল ইনক্লুশন ভর্তি প্রক্রিয়ায় অংশগ্রহণ করবে। আপনার ডিস্ট্রিক্ট সেভেনটি ফাইভ স্কুল ভর্তির আবেদনপত্র দেবে এবং তা ডিসেম্বরে দেয়া হয়। আপনাকে আপনার সন্তানের ভর্তির ব্যাপারে বসন্তের শুরুতেই জানানো হবে।

ডিস্ট্রিক্ট সেভেনটি ফাইভের মিড্‌ল্ স্কুলে পড়ছে এমন শিক্ষার্থী রয়েছে যারা একটি কম্যুনিটি হাই স্কুলে উত্তরণের জন্য প্রস্তুত হচ্ছে। এসব শিক্ষার্থী হাই স্কুলে ভর্তি প্রক্রিয়ায় অংশগ্রহণ করে। তবে একটি কম্যুনিটি হাই স্কুলে অংশগ্রহণ করার আগে তাদেরকে একটি নতুন আইইপি প্রণয়নের জন্য আইইপি সভার ব্যবস্থা করতে হবে যে আইইপিতে শিক্ষার্থীর

জন্য একটি কম্যুনিটি হাই স্কুলে বিশেষ শিক্ষা লাভের বিষয়টি সুপারিশ করবে। আপনার সন্তানের জন্য কম্যুনিটি স্কুল উপযুক্ত কী না, সে ব্যাপপারে আলোচনা করার জন্য আপনাকে স্কুল মনোবিদ, আপনার সন্তানের শিক্ষক, এবং পুর্ণ আইইপি টিমের সাথে কথা বলা খুবই গুরুত্বপূর্ণ।

প্রশ্ন. যদি আমার সন্তান ডিস্ট্রিক্ট সেভেনটি ফাইভ–এ থাকে এবং তার ডিস্ট্রিক্ট স্কুলে অব্যাহতভাবে অবস্থান করার প্রয়োজন আছে কি নেই সে ব্যাপারে আমি নিশ্চিত হতে না পারি, তাহলে কি সে হাই স্কুলে ভর্তি হওয়ার জন্য নিয়মিত প্রক্রিয়ায় অংশগ্রগহণ করবে? আমি তার আইইপি–এর ব্যাপারে কী করতে পারি? তার ডিস্ট্রিক্ট সেভেনটি ফাইভ কর্মসূচি ত্যাগের ব্যাপারে সিদ্ধান্ত কে দেবেন?

উত্তর. হ্যাঁ। শিক্ষার্থী হাই স্কুল ভর্তি প্রক্রিয়ায় অংশগ্রহণ করতে পারে। শিক্ষার্থীকে নিয়মিত হাই স্কুল ভর্তি প্রক্রিয়ায় ডিস্ট্রিক্ট সেভেনটি ফাইভ বহির্ভুত কোন স্কুলে ভর্তির সুযোগ লাভ করবে।

তবে আপনার সন্তানকে অবশ্যই তার ৮ম গ্রেড শেষ হওয়ার পর তার আইইপি টিম দ্বারা পুনর্মূল্যায়িত হতে হবে যাতে আপনার সন্তানের উপযোগী বিশেষ শিক্ষা পরিষেবা নির্ধারণ করা যায়। আপনার সন্তান একটি ডিস্ট্রিক্ট সেভেনটি ফাইভ কর্মসূচি অব্যাহত রাখবে বলে আইইপি টিম সুপারিশ করতে পারে, সেক্ষেত্রে ডিস্ট্রিক্ট সেভেনটি ফাইভ স্কুলের দেয়া ভর্তির সুযোগ বাতিল হয়ে যাবে।

প্রশ্ন. প্রতিবন্ধী শিক্ষাথীদের পরিষেবা প্রদানকারী নিউ ইয়র্ক স্টেট অনুমোদিত বেসরকারি স্কুলের জন্য নির্ধারিত প্রক্রিয়াটি কী?

উত্তর. নিউ ইয়র্ক স্টেট অনুমোদিত বেসরকারি স্কুলে যেসব প্রতিবন্ধী শিক্ষার্থী রয়েছে, তারা প্রতি বসন্তে বার্ষিক পর্যালোচনা লাভ করে থাকে যার মাধ্যমে পরবর্তী বছর তাদেরকে কোথায় ভর্তি করা হবে তা নির্ধারণ করা হয়। শিক্ষার্থী যদি ৮ম গ্রেডে থাকে এবং সে স্কুলে হাই স্কুল কর্মসূচি থাকে, সিএসই তাকে সেই স্কুলেই অবস্থান করার পরামর্শ দিতে পারে।

যদি বর্তমান স্কুলে কোন হাই স্কুল কর্মসূচি না থাকে এবং যদি আইইপি সভায় নির্ধারিত হয় যে শিক্ষার্থীর বিশেষ শিক্ষা পরিষেবার চাহিদা কোন কম্যুনিটি স্কুলে পূরণ করা যাবে না, তাহলে বিষয়টি সেন্ট্রাল বেজ্ড্ সাপোর্ট টিম (সিবিএসটি)–এর কাছে প্রেরণ করা হবে। এই টিম শিক্ষার্থীর জন্য একটি উপযুক্ত হাই স্কুল কর্মসূচি খুঁজে বের করবে।

যদি এটা নিশ্চিত হওয়া যায় যে শিক্ষাথী একটি ন্যূনতম নিয়ন্ত্রিত পাবলিক স্কুল পরিবেশে উত্তীর্ণ হওয়ার জন্য প্রস্তুত, শিক্ষার্থীকে নিয়মিত হাই স্কুল ভর্তি প্রক্রিয়ায় আবেদন করার জন্য পরামর্শ দেয়া হবে।

প্রশ্ন. বর্তমানে আমার সন্তান যদি প্রতিবন্ধী শিক্ষার্থীদের পরিষেবা প্রদানকারী নিউ ইয়র্ক স্টেট অনুমোদিত বেসরকারি স্কুলে থাকে, কিন্তু আমি যদি চাই যে আমার সন্তান একটি পাবলিক হাই স্কুলে ভর্তি হোক?

উত্তর. আপনার সন্তানের বার্ষিক পর্যালোচনায় বিষয়টি বিবেচনার জন্য উঠাতে পারেন। এটা যদি নিশ্চিত হয়ে থাকে যে আপনার সন্তানের প্রয়োজন একটি পার্বলিক হাই স্কুলে পূরণ করা সম্ভব, এই সুপারিশসহ একটি আইইপি প্রণয়ন করতে হবে এবং আপনার সন্তানকে নিয়মিত হাই স্কুল ভর্তি প্রক্রিয়ায় ভর্তির আবেদন করতে হবে।

পিতামাতাদের জন্য যোগাযোগের তথ্য

হাই স্কুল ভর্তি প্রক্রিয়ার সম্পর্কে আরও তথ্যের জন্য
অনুগ্রহ করে নিউ ইয়র্ক সিটি ডিপার্টমেন্ট অব এডুকেশনের সাথে স্টুডেন্ট এনরোলমেন্ট অফিসের সাথে যোগাযোগ করুন
ফোন: Telephone: (212) 374-2363 ফ্যাক্স: (212) 374-5568
http://schools.nyc.gov/ChoicesEnrollment/NewStudents/Borough+Enrollment+Offices.htm

আপনি নিচের যে কোন এনরোলমেন্ট অফিসে যেতে পারেন

বরো	*পরিষেবাপ্রাপ্ত ডিস্ট্রিক্ট*	*ঠিকানা*
ব্রংক্স	7, 9, 10	1 Fordham Plaza, 7th Floor, Bronx, NY 10458
ব্রংক্স	8, 11, 12	1230 Zerega Avenue, Bronx, NY 10462
ব্রুকলিন	17, 18, 22	1780 Ocean Avenue, Brooklyn, NY 11230
ব্রুকলিন	20, 21	415 89th Street, Brooklyn, NY 11209
ব্রুকলিন	13, 14, 15, 16	29 Fort Greene Place, Brooklyn, NY 11217
ব্রুকলিন	19, 23, 32	1665 St. Mark's Avenue, Brooklyn, NY 11233
ম্যানহাটান	1, 2, 4	333 Seventh Avenue, 12th Floor, New York, NY 10001
ম্যানহাটান	3, 5, 6	388 West 125th Street, 7th Floor, New York, NY 10027
কুইন্স	24, 30	28-11 Queens Plaza North, Long Island City, NY 11101
কুইন্স	25, 26	30-48 Linden Place, Flushing, NY 11354
কুইন্স	27	82-01 Rockaway Boulevard, Ozone Park, NY 11416
কুইন্স	28, 29	90-27 Sutphin Boulevard, Jamaica, NY 11435
স্ট্যাটেন আইল্যান্ড	31	715 Ocean Terrace, Building A, Staten Island, NY 10301

জোয়েল আই. ক্লাইন, চ্যান্সেলর

www.nyc.gov/schools or call 311